



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd

স্মারক: ৩৭.২৮.০০০০.৩০৩.৫৯.০০১.২০২৩.২৮০৬

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
০৫ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিষয়: কোয়ালিটি অ্যাসুরেন্স (QA) বিষয়ে যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল দেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও এসব প্রতিষ্ঠানের পরিচালিত একাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশন কার্যক্রম পরিচালনার জন্য প্রস্তুতি গ্রহণ করেছে। এ কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণের মধ্য থেকে অ্যাকাডেমিক অডিটর নির্বাচন করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ/ইনস্টিটিউট/বিভাগের অধ্যাপক পদে কর্মরত আগ্রহী শিক্ষকদের QA বিষয়ে যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত তথ্যাদি আগামী ২০ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে সংযুক্ত ছক অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর নিকট ই-মেইলে এমএস ওয়ার্ড ও পিডিএফ ফরমেটে প্রেরণ করার জন্য বলা হলো। বিষয়টি বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ/ইনস্টিটিউট/বিভাগে কর্মরত অধ্যাপক পর্যায়ের শিক্ষক মহোদয়গণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

*নাসির উদ্দীন আহাম্মেদ*  
(প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ)

পরিচালক (অ্যাক্রেডিটেশন)  
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল  
ফোন: ০২-২২২২২৪১৭২  
মোবাইল নং: ০১৭১১-২৭০০৭৪  
ই-মেইল: dir.accr@bac.gov.bd

রেজিস্ট্রার

..... বিশ্ববিদ্যালয়।

অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পূর্ণকালীন সদস্য (১-৪), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
- ২) পরিচালক (IQAC) ..... বিশ্ববিদ্যালয়।
- ৩) একান্ত সচিব (চেয়ারম্যান), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪) অফিস কপি।